

**কলেজ বন্ধ :
অভিভাবকের পত্র**

দীর্ঘ দুই মাস যাবৎ রংপুর মেডিক্যাল কলেজ বন্ধ। কলেজ কর্তৃপক্ষ নীরব। অভিভাবক হিসাবে আমি উৎকণ্ঠিত। কলেজ বন্ধ রাখিয়া সমস্যার সমাধান হয় না, বরং সমস্যা সীরা প্রশয় পায়। বিভিন্ন রাজনৈতিক দল এবং তাদের ছাত্র সংগঠনের প্রতি অনুরোধ, আপনারা কর্তৃপক্ষকে কলেজ খোলার ব্যাপারে সহায়তা করুন। কলেজ ছাত্র সংসদ এ ব্যাপারে অগ্রণী ভূমিকা নিতে পারে। কারণ, তারা কলেজের নির্বাচিত ছাত্র প্রতিনিধি। আর কালক্ষেপণ না করিয়া সহসা কলেজ খোলার ঘোষণা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতেছি।

—এডভোকেট গোলাম রব্বানী,
উকিলপাড়া, নওগাঁ।

51